# উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিয়াকৈর, গাজীপুর। |
| তারিখ | ঃ | ১২/১২/২০২২খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যাগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্য শুরু করা হয়।

০১। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১১ জন জুনিয়র কনসালট্যান্ট পদের মধ্যে ৫টি পদ শুন্য আছে।শুন্য পদ সমুহ ১.জুনিয়র কনসালট্যান্ট ইএনটি(নাক,কান,গলা) ২.জুনিয়র কনসালট্যান্ট অপথালমোলজি ৩.জুনিয়র কনসালট্যান্ট কাডিওলর্জি. ৪.জুনিয়র কনসালট্যান্ট সার্জারী ৫.জুনিয়র কনসাল ট্যান্ট মেডিসিন। নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে । চলতি মাস সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ৩৫জনকে ওনরমাল ডেলিভারী করানো হয়েছে ১২ জনকে মোট ডেলিভারীর করানো হয়েছে ৫৭ জনকে । জনাব মোঃ ওয়ারেজ আলী মেডিকল টেকনোলজিষ্ট (এক্স-রে) কে কোভিড-১৯ জনিত কারণে কুয়েত মৈত্রি হাসপাতাল, ঢাকায় প্রেষনে বহাল করা হয়। দীর্ঘ দিন প্রেষনে থাকায় অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের এক্স-রে মেশিনটি ব্যবহার হচ্ছে না অপরদিকে কালিয়াকৈরের বিশাল জন গোষ্টি স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। বারবার যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেষনাদেশ বাতিলের জন্য আবেদন করা হলে ও বাতিল হচ্ছেনা । করোনা ভ্যাকসিন প্রথম, দ্বিতীয়, তৃতীয়ও চতুর্থ ডোজ কার্যক্রম চালু আছে। প্রথম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৬২৬৪১৩, দ্বিতীয় ডোজ ভ্যাকসিন প্রদান ৫১৯১০৬, তৃতীয় ডোজভ্যাকসিন প্রদান করা হয় ২৪১৪৯১ জনকে চতুর্থ ডোজ ভ্যাকসিন প্রদান করা হয় ৫৯ জনকে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৬১১০৫ জন। এর মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৬,৯২৮ জন এবং গ্রহণকারীর হার ৭৬.৮০%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মোট সংখ্যা ২৬জন, ইমপ্ল্যান গ্রহণকারী ১৭৬, আইইউডি ৭৫ জন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২২টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধকরণসহ কমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের ৮৪% পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, সরিষার আবাদ সম্পন্ন হয়েছে ১৫০০ হেক্টর। বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রা ১০,১৬৫ হেক্টর। ইতিমধ্যে অর্জন হয়েছে ৪,০৮৫ হেক্টর। সারের মজুদ পর্যাপ্ত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি অফিসার |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে, বিভিন্ন হাট বাজারে মৎস্যজীবীদের নিয়ে সভা আয়োজন করা হয় এবং অত্র উপজেলার মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে নিয়মিত পরামর্শ প্রদান করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, কালিয়াকৈর উপজেলায় গবাদি পশুর ২৭ টি ফ্রি টিকা প্রদান ও ২ টি চিকিৎসা ক্যাম্পেইন করা হয়েছে। তিনি আরো জানান যে, এলডিডিপি প্রকল্পের আওতায় ইউনিয়ান পর্যায়ে গঠিত ১৫টি পিজির মধ্যে ১ দিন ব্যাপি ডিজিটাল প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ করানো হয়, এবং ১৩টি পিজির মধ্যে ২৪৬ (৩৯৩৬ মাত্রা) FMD Vaccine বিনামূল্যে করানো হবে । | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | <u>গ্রামীণ অবকাঠামো সংস্কার</u> ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫১,৯৫,৬৭৯/- টাকার বিপরীতে ৮টি ,৩৪.৬৩৮ মেট্টন চাল এর বিপরীতে ১টি ও ৩৪.৬৩৮ মেট্টন গম ১টি প্রকল্প ( প্রকল্পের কাজ চলমান) এবং ২য় পর্যায় ৩৪.৬৩৮ মেট্টন চাল এর বিপরীতে ২টি প্রকল্প এবং ৬৯.২৭৬ মেট্টন গম এর বিপরীতে ১টি বরাদ্দ পাওয়া যায় যা জেলা প্রশাসক এর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ৩৮,২২,৪৯৮.০০ টাকা ২৫.৪৮৩৬ মেট্টন চাল, ২৫.৪৮৩৬ মেট্টন গম বরাদ্দ পাওয়া যায়( প্রকল্পের কাজ চলমান) এবং ২য় পর্যায় ২৫.৪৭৬৯ মেট্টন চাল এবং ৫০.৯৫৩ মেট্টন গম বরাদ্দ পাওয়া যায় যা ইউনিয়নওয়ারী বিভাজোন করা হয়েছে অতি দ্রুত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, বরাবর প্রেরণ করা হবে। | প্রকল্পের কাজ চলমান | ১। উপজেলা নির্বাহী অফিসার কালিয়াকৈর, গাজীপুর ।<br><br>২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর । |
| | <u>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ</u> ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫৬,১৯,৩৩৩/- টাকার বিপরীতে ৫৬টি প্রকল্প অতি দ্রুত ছাড় করা হবে। এবং উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ২৬,২৯,১৫০/- টাকার বরাদ্দ পাওয়া যায় । | প্রকল্পের কাজ চলমান | |
| | <u>অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ</u> ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে বার্সিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমুহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড ( এইচবিবি) করণ (২য় পর্যায়) অত্র উপজেলায় ৭টি প্রকল্পের বরাদ্দ পাওয়া যায় । | প্রকল্পের কাজ চলমান | |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, নতুন অতিরিক্ত ৬০৪ জন প্রতিবন্ধী ভাতাভোগী বাছাই ও বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীসহ অন্যান্য ভাতাভোগীর অনুকুলে ২০২২-২০২৩ অর্থব ছরের ২য় কিস্তির পেরোল প্রেরনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করণ সর্ম্পকে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, কালিয়াকৈর পৌরসভা ও ০৯ টি ইউনিয়নে নতুন অতিরিক্ত ৬০৪ জন প্রতিবন্ধী ভাতা রবরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ অনুসারে কালিয়াকৈর পৌরসভা ও০৯ টি ইউনিয়নে উন্মুক্ত পদ্ধতিতে ভাতাভোগী বাছাই কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কিস্তির পেরোলনি র্ভুল ভাবে প্রেরনের লক্ষ্যে লাইভভেরিফিকেশনের তথ্যের আলোকে যাচাই, আবেদনের প্রেক্ষিতে হিসাব নম্বর পরিবর্তন ও প্রয়োজনীয় প্রতিস্থান পূর্বক সম্পূর্ণ প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নীতিমালার আলোকে নতুন অতিরিক্ত ৬০৪ জন প্রতিবন্ধী ভাতাভোগী উন্মুক্ত পদ্ধতিতে বাছাই দ্রুত সম্পন্নকরণ, ২০২২-২০২৩ অর্থবছরের ২য় কিস্তির পেরোল নির্ভুলভাবে নির্ধারিত সময়ে প্রেরনের লক্ষ্যে লাইভভেরিফিকেশনের তথ্যের আলোকে যাচাই, আবেদনের প্রেক্ষিতে হিসাব নম্বর পরিবর্তন ও প্রয়োজনীয় প্রতিস্থান পূর্বক সম্পূর্ণ প্রস্তুতি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br><br>২। উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর, গাজীপুর। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদান সম্পর্কে আলোচনাঃ কালিয়াকৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ও কালিয়াকৈর পৌরসভাসহ সর্বমোট ১৬টি আবেদন জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে। | ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানের চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর<br>২। উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর |
| | রোগী কল্যাণ সমিতি সম্পর্কে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২২ সালের ডিসেম্বর মাসে ১২জন ব্যক্তিকে প্রয়োজনীয় ঔষধ কিনে দেওয়া হয়েছে। | রোগী কল্যাণ সমিতির ১১টি সেবা প্রদান কার্যক্রমকে আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিস কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী চূড়ান্ত তালিকা প্রস্তুত সম্পন্ন করা হয়েছে এবং ভিডব্লিউবি কার্ড চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্রীড়া ও সাংস্কৃতি অনুষ্ঠান সম্পন্ন করা হয়। মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প এর ১৮ তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র উপজেলায় বিভিন্ন ইউনিয়নের পছন্দনীয় ট্রেডে ০৭ টি অপ্রাতিষ্ঠানিক ব্যাচে মোট ২১০ জনকে প্রশিক্ষণ দেওয়ার নির্দেশনা হয়েছে। এর মধ্যে মধ্যপাড়া ইউনিয়নের পূর্ব চাঁনপুর গ্রামে ও মৌচাক ইউনিয়নের তালতলী গ্রামে যুব ও যুবনারীদের মধ্যে ৬০ জনের ০২টি ব্যাচ হাঁস মুরগী পালন ও গাভী পালন বিষয়ক (অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্য হতে ৭০% আত্মকর্মী করার লক্ষ্যমাত্রা নির্ধারিন করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৬ জন করে প্রশিক্ষণার্থী প্রেরনের নির্দেশনা রয়েছে। ০১ টি যুব সংগঠন চলতি মাসে নিবন্ধিত হয়েছে। অত্র উপজেলায় মোট নিবন্ধিত ৩৬ টি যুব সংগঠন ও ৭২ টি তালিকাভুক্ত যুব সংগঠন রয়েছে। যুব সংগঠন গুলোকে সক্রিয় রাখার জন্য প্রতিটি নিবন্ধিত যুব সংগঠনে চলতি অর্থ বছরে খেলাধূলার সামগ্রী বিতরন করা হয়েছে। ঋণ বিতরন ও আদায়ের হার সন্তোষজনক রয়েছে। যুব কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। | প্রশিক্ষন কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনা ও নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে। কম্পিউটার বিষয়ে আরও যুব ও যুবনারীদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহন করতে হবে। যুব সংগঠনকে সক্রিয় করে তাদের সন্ত্রাশ, জঙ্গীবাদ,বাল্যবিবাহ প্রতিরোধ সহ অন্যান্য সামাজিক কর্মকান্ডে সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর অফিস কক্ষে টিভি (৪২"), ১ সেট সোফা, একটি এক্সিকিউটিভ চেয়ারসহ কিছু আসবাবপত্র ক্রয় বাবদ ২.০০ লক্ষ টাকা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| | কালিয়াকৈর উপজেলায় সমাজ সেবা অধিদপ্তরের আওতায় প্রতিবন্ধিদের মাঝে ২৫টি হুইল চেয়ার বিতরণ করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | কালিয়াকৈর উপজেলায় বিআরডিবি এর আওতায় দুঃস্থ্য মহিলাদেরকে আত্ম নির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে তাদের মধ্যে ৫০টি সেলাই মেশিন বিতরণ করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কোটেশন পদ্ধতির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কালিয়াকৈর উপজেলায় সমবায় সমিতির উপকারভোগী কৃষকদের মাঝে ৫০টি বিষ স্প্রে মেশিন বিতরণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা পরিষদের অভ্যন্তরে অপসারিত গোডাউন এর স্থলে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় IGA Training Centre নির্মাণের জন্য গত ২৭-০৯-২০২২ইং তারিখে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সমন্বয় অনুমোদিত গ্রহণ করা হয়। IGA Training Centre নির্মাণের জন্য ৩৮,৩৫,০০০/- (আটত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ইজিপি পদ্ধতিতে (সীমিত দরপত্র) দরপত্র আহবান করে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বড়ইবাড়ী- জামালপুর রাস্তায় মকশ বিল অংশে মূল ব্রীজের পার্শ্বে অব্যবহৃত চলাচলের অযোগ্য, পরিত্যাক্ত, ঝুকিপূর্ণ একটি ব্রীজ অপসারণ করা প্রয়োজন। পরিত্যাক্ত অব্যবহৃত ভংগুর ব্রীজটি নিলাম পদ্ধতির মাধ্যমে অপসারণের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | নিলামের মাধ্যমে পরিত্যাক্ত, ঝুকিপূর্ণ ব্রীজটি অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয় | |
| | ২০২২-২৩ অর্থ বছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ঠিকাদার নবায়ন ও নতুন ঠিকাদার তালিকাভুক্তির নির্ধারিত সময়সীমার পর বিলম্ব ফি প্রদান সাপেক্ষে একজন ঠিকাদার তালিকাভুক্তির আবেদন পত্র পাওয়া যায়। এমতাবস্থায় তালিকাভুক্তি ফি-৫,০০০/-+ ভ্যাট ৭৫০/- টাকা, ১০০০/- মূল্যমানের পে-অর্ডার ও বিলম্ব ফি-বাবদ ২৩০০/- টাকা জমা প্রাপ্তি সাপেক্ষে একজন নতুন ঠিকাদার তালিকাভুক্তির জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় বিলম্ব ফি প্রদান সাপেক্ষে একজন নতুন ঠিকাদার তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | চেয়ারম্যান, ঢালজোড়া ইউনিয়ন পরিষদ জানান যে,নব নির্বাচিত সদস্যের নামে উপজেলা চেয়ারম্যান কর্তৃক বরাদ্দ প্রদান করা তালিকা থেকে একজন সদস্যের প্রকল্পের নাম না থাকায় একটি পিআইসি প্রকল্প অনুমোদনের জন্য ইউনিয়ন পরিষদের কার্য বিবরণী দাখিল করেছেন। বাংগুরী নজরুল মাস্টারের বাড়ী হতে কোবাদের বাড়ী অভিমুখে রাস্তা ইট সলিং দ্বারা উন্নয়ন করা প্রয়োজন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (স্কীম পরিবর্তন) চেয়ারম্যান, ঢালজোড়া ইউনিয়ন পরিষদ জানান যে, বেনুপুর ব্রীজের এ্যাপ্রোচ হতে সিদ্দিকের বাড়ী অভিমূখে রাস্তা ইট সলিং দ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হয়। উক্ত স্কীমটি পরিবর্তন করে বেনুপুর জুলমতের বাড়ীর পূর্ব পার্শ্বে রাস্তায় গাইড ওয়াল নির্মাণ করার জন্য ইউনিয়ন পরিষদের কার্য বিবরণী দাখিল করেছেন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | (স্কীম পরিবর্তন) চেয়ারম্যান, ঢালজোড়া ইউনিয়ন পরিষদ জানান যে, দেওয়াইর নয়ন খার বাড়ীর পূর্ব পাশ্ব পাক রাস্তা হতে আবুলের বাড়ী অভিমূখে রাস্তা ইট সলিং দ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হয়। উক্ত স্কীমটি ইট সলিং দ্বারা উন্নয়নের পরিবর্তে এইচবিবি দ্বারা উন্নয়নের জন্য ইউনিয়ন পরিষদের কার্য বিবরণী দাখিল করেছেন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন | -ঐ- | |

| | | | |
|---|---|---|---|
| | কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | | |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তক সূত্রাপুর ইউনিয়নের বিপরীতে ১৪-০২-২০২২ ইং তারিখে ১৩টি পিআইসি প্রকল্পের অনুমোদন গ্রহণ করা হয়। প্রতিটি ইউনিয়নের বিপরীতে ১৪টি পিআইসি ধরায় চেয়ারম্যান, সূত্রাপুর ইউপি কর্তৃক বিজয় স্মরণী উচ্চ বিদ্যালয়ের গেইট নির্মাণের জন্য আবেদন করেছেন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ডরমিটরী ভবনটি দীর্ঘদিন যাবৎ মেরামত না করায় ছাদ চুয়ে পানি কক্ষের ভিতরে চলে আসছে। দরজা-জানালা,বারান্দার গ্রীল, সিড়ির রেলিং এবং বাথরুম ও রান্নাঘর হয়ে নষ্ট হয়ে যাচ্ছে। এমতাবস্থায়, জরুরীভাবে ভবনটির ছাদ মেরামতসহ অন্যান্য মেরামত কাজ করা প্রয়োজন। সে লক্ষ্যে ১৯.৫০ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ইজিপি- পদ্ধতিতে(সীমিত দরপত্র) দরপত্র আহবান করে মেরামত কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | (স্কীম পরিবর্তন) ১৪/০২/২০২২ ইং তারিখে শ্রীফলতলী ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত সদস্যদের বিপরীতে অনুমোদিত ৪টি পিআইসি প্রকল্প পরিবর্তন করে নতুনভাবে ৪টি পিআইসি প্রকল্প অনুমোদনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান আবেদন করেছেন। নতুন স্কীমগুলো হচ্ছেঃ (১) বরিয়াবহ ব্রীজ হতে মিজানের বাড়ীর অভিমুখে রাস্তা (২) বাজ হিজলতলী সামাজিক কবরস্থানের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল মির্নাণ (২য় পার্ট) (৩) বাজ হিজলতলী সামাজিক কবরস্থানের পশ্চিম পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ (১ম পার্ট) (৪) বাজ হিজলতলী সামাজিক কবরস্থানের উত্তর পার্শ্বে বাউন্ডারী ওয়াল মির্নাণ (৩য় পার্ট) প্রতিটি ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | উপজেলা পরিষদের অভ্যন্তরে শ্যামলী ভবনের ২য় তলার পূর্ব পাশের বাসাটি মেরামত করা প্রয়োজন। ১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | সূত্রাপুর ইউনিয়নের ডাউমান রেল লাইন হইতে ছানোয়ারের বাড়ীর পিছনের মসজিদ অভিমুখে রাস্তা ব্রিক সলিং করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" হতে ১,২৩৪ (এক হাজার দুইশত চৌত্রিশ) টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজচলমান অবস্থায়রয়েছে।"গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় নিরাপদ পানি সরবরাহও স্যানিটেশন প্রকল্প" হতে ২, ১০০(দুই হাজার এক শত)টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজ চলমান অবস্থায় রয়েছে।"৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে কালিয়াকৈর পৌরসভায় ১.৫কিঃ মিঃ ড্রেনেজ এর কাজ চলমান অবস্থায় রয়েছে। | উক্ত কাজ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড মূল কর্মসূচীসহ অন্যান্য প্রকল্প/কর্মসূচী সমূহে দক্ষতার সহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রেখেছে। এ প্রেক্ষাপটে ডিসেম্বর/২২ ইং মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্য/ সদস্যাদের মধ্যে ৫৩.৮২ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণ হতে ৪১.২৩ (লক্ষ) টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ০.৬০ (লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার- ৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ৯৯১৯.৬৪ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৫০৬.১৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ৪৯.০৪ (লক্ষ) টাকা আদায়কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা০.১১ লক্ষ টাকা, সঞ্চয় জমা০.৬৫ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৩৭.০৮ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০৭.৩১ লক্ষ টাকা।<br><br>পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে ০১টি করে মোট ০৩টি ইউনিয়ন সমন্বয় সভা সম্পন্ন হয়েছে।<br><br>উক্ত মাসে২ (দুই) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিকমুক্ত পানি ও ফরমালিনমুক্ত খাবার, গাভী মোটাতাজা করণ, হাঁসমুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে।<br><br>মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিআরডিবি'র পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>বিআরডিবি'র আওতাধীন সমিতি সমূহের উপকার ভোগী মহিলাদের মাঝে ৫০টি সেলাই মেশিন বিতরণ এবং কৃষি কাজে জড়িত সমিতি/ দলের মাঝে হ্যান্ড স্প্রে মেশিন বিতরণের নিমিত্ত অর্থ বরাদ্দ প্রদানের জন্য আমি বিনীত অনুরোধ জানাচ্ছি। | ঋণ কার্যক্রম সন্তোষজনক, তবে কার্যক্রম আরও জোড়দার করতে হবে। মেয়াদোত্তীর্ণ ঋণ শুণ্যের কোটায় নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ তা সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>১। ১লা জানুয়ারী-২০২৩ তারিখে মাধ্যমিক, দাখিল ও ইবতেদায়ী স্তরের শিক্ষার্থীদের মাঝে বিনা মূল্যের পাঠ্য পুস্তক বিতরনের লক্ষ্যে এনসিটিবি থেকে প্রাপ্ত পুস্তক ৩১/১২/২০২২ তারিখের মধ্যেই কালিয়াকৈর উপজেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বিতরন করা হয়। ১লা জানুয়ারী ২০২৩ তারিখে পাঠ্য পুস্তক বিতরনী অনুষ্ঠান উৎসব মুখর পরিবেশে উদযাপন করা হয় ।<br>এ পর্যন্তশতকরাহিসেবে ৭০% বইপাওয়া গেছে ।<br><br>২। নতুন কারিকুলাম বিস্তরন উপলক্ষ্যে মাধ্যমিক স্তরের ৫২২ জন সহকারি শিক্ষককে ০৫ দিনের প্রশিক্ষন প্রদান করা হয়েছে। প্রশিক্ষনটি শিক্ষার্থীদের পাঠদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে ।<br><br>৩ । মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস রুমটি বর্ধিত করন খুবই জরুরী । বর্তমান প্রেক্ষাপটে রুমটিতে ১০-১২টি চেয়ারের ধারন ক্ষমতা রয়েছে সে কারনে এক সংগে অধিক | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সংখ্যক প্রধান শিক্ষকদের বসতে দেয়া সম্ভব হয় না। রুমটি বর্ধিত করার মত জায়গাও আছে এবং রুমটি বর্ধিত করনসহ ডেকোরেশনের জন্য ২,০০০০০/-(দুই লক্ষ টাকা মাত্র) টাকা যা উপজেলা পরিষদ কর্তৃক বরাদ্দ প্রদান করা প্রয়োজন ।<br>৪ । মাধ্যমিক শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে । | | |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কালিয়াকৈর খাদ্য গুদামের খাদ্য শস্যের বর্তমান (১৫/০১/২০২৩) মজুত। চাল- ১১০০.০০০ মে:টন, গম-৮৯.০০০ মে:টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, অত্র উপজেলায় নতুন ভোটারদের ছবি উত্তোলনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। যারা এ হালনাগাদে বাদ পড়েছে তাদেরকে অত্র দপ্তরে নতুন ভোটার করা হচ্ছে। ভোটাদের তথ্য-উপাত্য সংশোধন, স্থানান্তর এবং বিদ্যমান ভোটারদের পৌরসভা এবং ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরন এবং অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাচন অফিসার |
| বিএডিসি সেচ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (সেচ) |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১) আউশ ফসলের নমুনা কর্তন। ২) মাসিক কৃষিমজুরীর তথ্য সংগ্রহ। ৩) বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ। ৪) বনজরিপ। ৫) পাট ফসলের নমুনা কর্তন। ৬) আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচজরিপ। | চলমান কার্যক্রমগুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| আনসার ভিডিপি বিভাগ | সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করাসহ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ, কালিয়াকৈর জোনাল অফিস জানান যে, মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনলাইনে গ্রহকের আবেদন গ্রহণ করা হয় এবং ০৭(সাত) দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয়। সংযোগ নেওয়ার জন্য গ্রহককে অফিসে আসার প্রয়োজন হয় না। অত্র প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা একান্তকাম্য। | মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তাছাড়া কালিয়াকৈর উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ(সকল) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, ১ ।সমিতির সংখ্যাঃ- কালিয়াকৈর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যাঃ- ৬২০টি। তন্মধ্যে বিভাগীয় প্রাথমিক সাধারণ সমিতি-৩৪১টি, বিআরডিবি ভুক্ত প্রাথমিক সমিতির সংখ্যা -২৭৪ টি ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতি-০১টি।<br>২ ।অডিটঃ-অত্র উপজেলায় মোট অডিট যোগ্য/কার্যকর প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৪৪টি। ডিসেম্বর /২০২২ খ্রিঃ মাস পর্যন্ত অডিট সম্পাদনকৃত বিভাগীয় প্রাথমিক সমববায় সমিতির সংখ্যা-৯৭টি। অডিট কার্যক্রম চলমান।<br>৩। অডিটফিঃ- অত্র উপজেলায় ২০২১-২০২২খ্রিঃ সনের বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি ধার্যের পরিমান- ১৩,৪০০/-টাকা। ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্ত অডিট ফি আদায় করা হয়েছে-১৩,৪০০/- টাকা, আদায়ের হার-১০০%।<br>৪। সমবায় উন্নয়ন তহবিলঃ- ২০২০-২০২১খ্রিঃ সনে বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান-২৫,৯৪৬/-টাকা। ডিসেম্বর /২০২২খ্রিঃ মাস | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পর্যন্ত ২৫,৯৪৬/- টাকা আদায় করা হয়েছে ,আদায়ের হার-১০০% ।<br>৫। আশ্রয়ণ প্রকল্পঃ- কালিয়াকৈর উপজেলায় সমবায় কার্যালয়ের আওতাধীন ০২টি আশ্রয়ণ প্রকল্প রয়েছে যা নিম্নে উল্লেখ করা হলোঃ<br>(ক) ভুলুয়া আশ্রয়ণ প্রকল্প ঃ<br>মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত টাকা-৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা যা ঘূর্ণায়মান তহবিল আকারে-১৭,৩০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমান (আসল) ১২,২৫,৩২৩/-টাকা, সার্ভিস চার্জ আদায়-৯৮,৯৭৬/-টাকা। ঋণ আদায়ের শতকরা হার-৭০.৮২। ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>(খ) সোনাতলাআশ্রয়ণপ্রকল্প ঃ-<br>মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত -৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা যা ঘূর্ণায়মান তহবিল আকারে ১৩,২৮,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্ত ঋণ আদায় (আসল) ৮,৬৩,৪৪৬/- টাকা। ডিসেম্বর/২০২২খ্রিঃ মাস পর্যন্ত সার্ভিস চার্জ আদায়-৬৯,৩১৯/- টাকা। ঋণ আদায়ের শতকরা হার ৬৫.০১। ঋণ আদায় কার্যক্রম চলমান। | | |
| কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৮১৭৩ জন। বর্তমান মাসে সঞ্চয় আদায় হয়েছে ৩.৪৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৪৮৬.৭৩ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ বিতরণ হয়েছে ১২০.১৬ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫৩৬৫.০১ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ আদায় হয়েছে ১২৬.৭৪ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৪০০৪.৭০ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৮১%। ইতোমধ্যে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ৩৬০ জন সদস্যের মাঝে ১৩২.৫০ লক্ষ টাকা কর্মসৃজন ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩২১ জন কৃষকের মাঝে মোট ৬৩.৫০ লক্ষ টাকা শস্যগোলা ঋণ বিতরণ করা হয়েছে।সমিতি পর্যায়ে ৩৭০.৩৫ লক্ষ টাকা খেলাপী হিসেবে পড়ে আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হচ্ছে। সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করছি। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে। সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়াকৈর শাখা। |
| বিবিধ-০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫(খ) অনুচ্ছেদ অনুযায়ী মহান বিজয় দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পূর্বানুমোদনের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫(খ) অনুচ্ছেদ অনুযায়ী মহান বিজয় দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। |
| বিবিধ-০২ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের (৫ম পর্যায়ের) ২ নং অবকাঠামো উপ-প্রকল্প INF-২০২০-২১-৩০৩৩৩২-০২ কালিয়াকৈর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ডিউসনিক প্রজেক্টরসহ ফিঙ্গার টাচইন্টারেক্টিভ হোয়াইট বোর্ড সরবরাহ ও স্থাপন এর কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। কাজ সমাপ্ত হওয়ার পর ঠিকাদার মোট ১০,৭৭,৬৮০ (ভ্যাট ও আইটিসহ) টাকার বিল দাখিল করেছেন। তিনি আরো বলেন মোট ৮ টিপ্রাথমিক বিদ্যালয়ে এই ডিউসনিক প্রজেক্টরসহ ফিঙ্গার টাচইন্টারেক্টিভ হোয়াইট | বিস্তারিত আলোচনা শেষে INF-২০২০-২১-৩০৩৩৩২-০২ কালিয়াকৈর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ডিউসনিক প্রজেক্টরসহ ফিঙ্গার টাচইন্টারেক্টিভ হোয়াইট বোর্ড সরবরাহ ও স্থাপন কাজ এর বিল অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, কালিয়াকের ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কালিয়াকৈর, গাজীপুর। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বোর্ড স্থাপন করা হয়েছে এবং সবগুলো বোর্ড সচল আছে। ঠিকাদারের দাখিলকৃত বিলটি অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সদর দপ্তরে প্রেরন করা দরকার। | | |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কালিয়াকৈর, গাজীপুর।

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯- ১০২৫(৫০)

তারিখ: ১২/১২/২০২২খ্রি.

বিতরণ: সদয় অবগতি/অবগাতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। আলহাজ্ব এ্যাডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, কালিয়াকৈর উপজেলা পরিষদ, গাজীপুর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৭। উপজেলা ...................................................... অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৮। চেয়ারম্যান ..............................................ইউপি(সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর।
১০। জনাব ................................................................................................।
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।



CS CamScanner